

(প্রেস বিজ্ঞপ্তি)

০৯ মে ২০২৩খ্রি

২০ কোটি টাকায় বাস্তবায়িত হলো দক্ষিণ পতেঙ্গার দুই প্রকল্প

বন্দর নগরী চট্টগ্রামের দক্ষিণ পতেঙ্গা ওয়ার্ডে ব্রিজ, কালভার্ট, ড্রেন নির্মাণ এবং সড়কের উন্নয়নে ২০ কোটি ৪ লক্ষ টাকার দুটি প্রকল্পের উদ্বোধন করেছেন চট্টগ্রাম সিটি মেয়র (প্রতিমন্ত্রী) বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী।

মঙ্গলবার মেয়র ১৫ কোটি ১৯ লাখ টাকা ব্যয়ে ৪১নং দক্ষিণ পতেঙ্গা ওয়ার্ডে আবুল খায়ের সুকানী বাড়ি ব্রিজসহ সড়ক নির্মাণ এবং বিজয়নগর আবাসিক এলাকার ডেইনসহ রাস্তার উন্নয়ন কাজের উদ্বোধন করেন।

এসময় মেয়র বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা চট্টগ্রামকে বিশ্ববাণিজ্যের হাব হিসেবে গড়ে তোলার যে পরিকল্পনা গ্রহণ করেছেন তা বাস্তবায়নে এবং পতেঙ্গা সমুদ্র সৈকতের পর্যটন সম্ভাবনাকে কাজে লাগাতে দক্ষিণ পতেঙ্গার উন্নয়নকে বিশেষভাবে গুরুত্ব দিচ্ছে। এ দুটি প্রকল্প বাস্তবায়িত হলে এলাকাসীরা এক দিকে যোগাযোগ ব্যবস্থা উন্নত হবে অপরদিকে ভালো ডেনেজ ব্যবস্থার কারণে জলাবদ্ধতা হ্রাস পাবে।

পলিথিন ব্যবহার হ্রাসের আহ্বান জানিয়ে মেয়র বলেন, জলাবদ্ধতা হ্রাসে কেবল উন্নয়ন প্রকল্প গ্রহণ করাই যথেষ্ট নয়। এজন্য প্রয়োজন জনগণের সচেতন আচরণ। নালায় পলিথিন, প্লাস্টিক, অপচনশীল বর্জ্য ফেললে, নদী-খাল দখল করলে জলাবদ্ধতা কোনভাবেই কমবে না। কিছুদিনের মধ্যে আমি পলিথিনের ব্যবহার কমাতে কঠোর অভিযানে নামব এর মাঝে আপনারা বিকল্প চট্টের ব্যাগ ব্যবহারের প্রস্তুতি নিন।

এসময় আরো উপস্থিত ছিলেন কাউন্সিলর ছালেহ আহম্মদ চৌধুরী, সংরক্ষিত কাউন্সিলর শাহানুর বেগম, চসিকের অতিরিক্ত প্রধান প্রকৌশলী মুনীরুল হুদা, তত্ত্বাবধায়ক প্রকৌশলী বিপ্লব দাশ, নির্বাহী প্রকৌশলী আশিকুল ইসলাম, সহকারী প্রকৌশলী মোহাইমিনুল ইসলাম, এ এস এম ইসলাম, মোহাম্মদ ইসলাম, ওয়াহিদুল আলম, হাজী আবদুল কাদের এবং সঞ্চালনা করেন মোহাম্মদ আবুল হোসেন।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮